যুগান্তর

তারিখ ... 03 APR 2008
পৃষ্ঠা 2 কলাম 7

# স্বতন্ত্র ইবতেদায়ী মাদ্রাসার স্থায়ী স্বীকৃতি দাবি

## শিক্ষকদের সংবাদ সম্মেলন

যুগান্তর রিপোর্ট

স্বতন্ত্র ইবতেদায়ী মাদ্রাসার স্থায়ী স্বীকৃতি ও রেজিস্টার্ড প্রাইমারি বিদ্যালয়ের শিক্ষকদের মতোই সমহারে বেতন দাবি করেছেন দেশের স্বতন্ত্র ইবতেদায়ী মাদ্রাসার শিক্ষকরা। বুধবার জাতীয় প্রেস ক্লাবে এক সংবাদ সম্মেলনে এ ছাড়াও তারা মোট সাতটি দাবি উত্থাপন করেছেন। এতে লিখিত বক্তব্য পাঠ করেন সমিতির চেয়ারম্যান মাওলানা এমএ লতিফ। প্রধান অতিথি ছিলেন শিক্ষক কর্মচারী ঐক্যজোটের প্রধান সমন্বয়কারী অধ্যক্ষ সেলিম ভূঁইয়া। সংগঠনের মহাসচিব মাওলানা দেলওয়ার হোসেনের সভাপতিত্বে এতে অন্যান্যের মধ্যে শেখ নজরুল ইসলাম মাহবুব, মোশাররফ হোসেন, মোখলেসুর রহমান, মোঃ আবদুর রউফ, মোঃ আব্বাস আলী, ইস্কান্দার আলী, নজরুল ইসলামসহ দেশের বিভিন্ন জেলার প্রতিনিধিরা উপস্থিত ছিলেন।

সমিতির অন্যান্য দাবির মধ্যে রয়েছে— শিক্ষক-শিক্ষিকাদের প্রশিক্ষণের ব্যবস্থা, পাকা ভবন নির্মাণসহ আসবাবপত্র ও শিক্ষা উপকরণ প্রদান, পঞ্চম শ্রেণীতে মেধাভিত্তিক বৃত্তিপ্রদান, সিডরে ক্ষতিগ্রস্ত স্বতন্ত্র ইবতেদায়ী মাদ্রাসায় সাহায্য করা, মাদ্রাসা শিক্ষার বিভিন্ন ক্ষেত্রে বিরাজমান সমস্যা সমাধান, সব শিক্ষক-কর্মচারীকে মহার্ঘ ভাতা প্রদান এবং তাদের জন্য রেশনিং প্রথা চালু করা।